

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০১৭.০২৮.০০.০০.০২১.২০১৫-৩৩


তারিখ : ০৫ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ।  
১৮ জানুয়ারি, ২০১৬ খ্রিঃ।

বিষয় : পটুয়াখালী জেলার দশমিনা উপজেলার নবগঠিত চরবোরহান ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার দশমিনা উপজেলার রণগোপালদি ইউনিয়নকে বিভক্ত করে মূল ভূখণ্ড থেকে কয়েকটি মৌজা নিয়ে চরবোরহান নামে নতুন ইউনিয়ন গঠনপূর্বক গত ০৩ ডিসেম্বর, ২০১৫ তারিখে গেজেটে প্রকাশিত হয়েছে(সংযুক্তি-০১)। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ১৬ এর ২ উপধারা অনুযায়ী “প্রজ্ঞাপন গেজেটে প্রকাশের তারিখ হতে অনধিক ১৮০(একশত আশি) দিনের মধ্যে প্রজ্ঞাপনে নির্দিষ্ট এলাকার ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হইতে হইবে।”

০২। এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ১৬ এর (২) উপধারা অনুযায়ী পটুয়াখালী জেলার দশমিনা উপজেলার নবগঠিত চরবোরহান ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : .....পাতা।

  
( শরীফা আহমেদ )  
সিনিয়র সহকারী সচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

সচিব  
নির্বাচন কমিশন সচিবালয়  
শেরে-বাংলানগর  
আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।